বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(বিশেষ মূল অধিক্ষেত্র)

**রীট পিটিশন নং ১০৯৩১/২০১৫**

**হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ**

----- দরখাস্তকারী।

-বনাম-

রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও অন্যান্য

----- প্রতিপক্ষগণ।

**এ্যাডভোকেট মনজিল মোরসেদ** সংগে

এ্যাডভোকেট মোঃ ছারওয়ার আহাদ চৌধুরি

এ্যাডভোকেট একলাছ উদ্দিন ভুইয়া

এ্যাডভোকেট রিপন বাড়ৈ

এ্যাডভোকেট সঞ্জয় মন্ডল

----- দরখাস্তকারী পক্ষে।

**এ্যাডভোকেট সাইফুদ্দিন খালেক**, ডেপুটি এটর্নী জেনারেল সংগে

এ্যাডভোকেট তুষার কান্তি রায়, ডেপুটি এটর্নী জেনারেল

এ্যাডভোকেট মোঃ সিরাজুল আলম ভুইয়া, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট মোঃ শামছুল আলম সরকার, সহকারী এটর্নী জেনারেল

এ্যাডভোকেট মোহাম্মদ শাহ নেওয়াজ, সহকারী এটর্নী জেনারেল।

----- প্রতিপক্ষগণের পক্ষে

**উপস্থিতঃ**

**বিচারপতি মঈনুল ইসলাম চৌধুরী**

**এবং**

**বিচারপতি মোঃ আশরাফুল কামাল**

**শুনানীর তারিখ ঃ ১৩.০২.২০১৯, ০২.০৭.২০১৯ এবং**

**রায় প্রদানের তারিখঃ ০৭.০১.২০২০।**

**বিচারপতি মোঃ আশরাফুল কামালঃ**

দরখাস্তকারী পক্ষ কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১০২ এর বিধান মোতাবেক দরখাস্ত দাখিলের প্রেক্ষিতে অত্র বিভাগ কর্তৃক বিগত ইংরেজী ১৫.১১.২০১৫ তারিখে নিম্ন বর্ণিতভাবে রুলটি ইস্যু করা হয়েছিলঃ

> “Let a Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why a direction should not be given upon them to register any application / petition submitted by any registered organization which is working for public interest without receiving any foreign or Governemnt Funds as a Writ Petition without court fees and affidavit and/or such other or further order or orders passed as to this Court may seem fit and proper.
>
> The Rule is returnable within 4(four) weeks from date.
>
> The petitioners are directed to put in requisites for service of notices upon the respondents by registered post as well as through usual process within 3(three) working days, failing which, the Rule shall stand discharged.”

অত্র রুলটি নিষ্পত্তিতে দরখাস্তকারীর মোকদ্দমা অত্র রীট পিটিশন থেকে নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

**The organization is one of the leading human rights organizations working for the enforcement of fundamental rights of the citizens along with protection of environment for better living and sustainable development. The organization is registered being number S-4241(343)04 dated 17.11.2004. The organization also got registration from the NGO bureau by way of judgment obtaining from the Hon’ble High Court Division in Writ Petition No. 3259 of 2010. That it is stated that the organization has filed about Two Hundreds public interest litigations for judicial enforcements and judicial review by the Hon’ble Court. That it is stated that the organization has always been bearing all the cost of the cases by its own fund which is raised by the donation of the members of the organization. That it is stated that the organization receives no fund from abroad or from the Government or organization except the lawyer members. That due to present high volume of cases it is not possible to bear all the cost of the cases as filed before the Hon’ble High Court Division as the public interest litigations. That it is stated that those petitions/applications were normally filed without affidavit for the sake of interest of others. That in many cases the Hon’ble High Court Division has passed Judgment such as i) VAT collection from the patient declared illegal, ii) directed to constitute civil vacation court during civil vacation in every December in subordinate court, iii) directed not to set up any cattle hat on the street in Dhaka City during Eid-Ul-Azha nad removing all slaughtering materials within 24 hours with a hyugienic manner, iv) directed to form an inquiry commission about murder/rape/persecution /torture commi9tted immediate after parliament election of 2001 upon the then opposition supporters and minorities, v) directed to set up food court in every city in**

**order to prevent food adulteration, vi) directed to form an "Earthquake Preparedness and Awareness Committee" and collected the necessary earthquake rescue equipments as per their recommendation, vii) direcdted to protect river Buriganga, Baluc Turag and Shitallakha and to stop encroachment in the rivers as well as directed to remove all the structure from inside the rivers etc. That many others cases are pending before the Hon'ble High Court Division, which have been filed for public interest.**

**On 29.01.2014, a writ petition was filed without affidavit on the basis of a news published in the daily 'Kaler Kantha' on 30.12.2013 with the headline that " ছিঃ এমন বর্বরতা" stating " অসম বিয়ের অপরাধে স্বামী-স্ত্রীকে বেধড়ক পেটানোর পর জুতার মালা পরিয়ে ঘোরানো হোল এলাকায়। পরে খোলা ময়দানে খুঁটির সঙ্গে বেঁধে রাখা হোল সকাল থেকে দুপুর পর্যন্ত।" That it is stated that at the time of motion hearing on 11.02.14 a legal question was raised by a Division Bench of the Hon'ble High Court comprising of Mr. Justice Mirza Hussain Haider and Mr. Justice Md. Khurshid Alam Sarker whether an application/petition can be filed and heard if it is made without affidavit. That it is stated that the Hob'ble High Court also asked for reasoning and grounds for filing the application without affidavit. That it is stated that earlier the petitioner had no difficulties to get its applications/petitions heard without affidavit. Moreover many cases have been filed earlier by the organization without affidavit and court fees. That it is stated that the Hon'ble High Court relied for its reasoning and grounds on the amended "Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012).**

**As per sub-rule 3 of rule 3 of Chapter IV A of the Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012), in case of writ matters, every application/petition for motion shall be sent/presented to the Affidavit Commissioner for swearing in affidavit by the deponent. As per rule 4 of Chapter IVA of the Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012), an application under article 102 of the Constitution shall be supported by an affidavit. That it further stated that as per rule 5 of Chapter XIA of the Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012), every application/petition shall be verified by an affidavit of the petitioner himself or ----by any person who is competent to represent the aggrieved person. That the rule nos. 6 and 7 Chapter XIA of the said Rules also contain some other further information as regards**

**affidavit. That it is stated that the Hon'ble High Court found its legal standing and footing for affidavit in the above rules of the said Rules.**

**That it is further stated that on the other hand, as per sub-rule 1 of rule 10 of Chapter XIA of the Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012), a letter signed by a person and sent/addressed to the Chief Justice or any other Judge or the Court or the Rregistrar or any report published in a newspaper or other media may be treated as an application within the meaning of article 102 of the Constitution of Bangladesh and the Hon'ble High Court may issue Rule Nisi on the basis of that letter or newspaper. That as per sub-rule:4 of rule 10 of Chapter XIA of the said Rules after Rule Nisi such letter/report shall be registered as a Writ Petition (Suo moto). That as per sub-rule:3 and others of rule 10 of Chapter XIA of the said Rules swearing in an affidavit, payment of Court fees and observing other rigid formalities shall not be applicable to such applications brought before the Hon'ble Court through letter or news report.**

**That it is stated that in the case of Bandhua Mukti Morcha v. Union of India and others [AIR 1984 SC 802, para: 12] per Bhagwati, J said: where a member of the public acting bonafide moves the court for enforcement of a fundamental right on behalf of a person or class of persons who on account of poverty or disability or socially or economically disadvantaged position cannot approach the court for relief, such member of the public may move the Court even by just writing a letter5, because it would not be right or fair to expect a person acting pro bono public to incur expenses out of his own pocket for going to a lawyer and preparing a regular writ petition for being filed in Court for enforcement of the fundamental right of the poor and deprived sections of the community and in such a case, a letter addressed by him can legitimately be regarded as an "appropriate" proceeding.**

**That it is stated that in the said case of Bandhua Mukti Morcha v. Union of India and others [AIR 1984 SC 802, para: 78] Amarendra Nath Sen, J expressed his agreement with Bhagwati J: where he said that for effectively safeguarding the fundamental rights guaranteed by the Constitution, the Court, if satisfied on the materials placed in the form of a letter or other communication addressed to this Court, may take notice of the same in appropriate cases. That Mr. Sen J further continued to say that in exceptional circumstances and particularly in matter of general public interest, the Court may, taking into consideration the particular facts and circumstances of the**

**case, proceed to exercise its jurisdiction under Article 32 of the Constitution for enforcement of fundamental rights treating the letter or the communication in any other form as an appropriate proceeding under Article 32 of the Constitution. That Mr. Sen J further continued that fundamental rights guaranteed under the Constitution are indeed too sacred to be ignored or trifled with merely on the ground of technicality or any rule of procedure. That he further said that a mere procedure technicality in the matter of form or procedure which may not in any way affect the substance of any proceeding should not stand in the way of the exercise of the very wide jurisdiction and powers conferred on this Court under Article 32 of the Constitution for enforcement of fundamental rights guarangeed under the Constitution.**

**That it is stated that in the case of Advocate Md. Salauddin Dolon v. Govt. of Bangladesh and others [63 DLR(2011)-HCD 81] it was held that the petitioner being an Advocate, swearing in affidavit on the application for public interest has been dispensed with and directed to register the application as a Writ Petition.**

এ্যাডভোকেট মনজিল মোরসেদ দরখাস্তকারীপক্ষে যুক্তিতর্ক উপস্থাপন করে নিবেদন করেন যে, অত্র দরখাস্তকারী কোর্ট ফি এবং হলফনামা ছাড়া দীর্ঘদিন ধরে জনস্বার্থে রীট পিটিশন অত্র বিভাগে কোন প্রকার আপত্তি ছাড়া দাখিল করে আসছেন।

কিন্তু sub-rule 2 of rule 2 of Chapter-IVA of the the Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012), অনুযায়ী বর্তমানে তা সম্ভব হচ্ছে না। দরখাস্তকারীকে পূর্বের মত জনস্বার্থে দায়ের করা রীট পিটিশন কোর্ট ফি এবং হলফনামা ছাড়া শুনানীর অনুমতি প্রদান না করলে বিপুল অর্থ ব্যয়ে জনস্বার্থে মামলা করা কঠিন হবে এবং জনগন অনেক ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হবে।

অপরদিকে প্রতিপক্ষগণের পক্ষে এ্যাডভোকেট সাইফুদ্দিন খালেক, ডেপুটি এটর্নী জেনারেল সংগে এ্যাডভোকেট তুষার কান্তি রায়, ডেপুটি এটর্নী জেনারেল, এ্যাডভোকেট মোঃ সিরাজুল আলম ভুইয়া, সহকারী এটর্নী জেনারেল এ্যাডভোকেট মোঃ শামছুল আলম সরকার, সহকারী এটর্নী জেনারেল এ্যাডভোকেট মোহাম্মদ শাহ নেওয়াজ, সহকারী এটর্নী জেনারেল বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করে অত্র রুলের বিরোধীতা করেন।

অত্র রীট পিটিশন পর্যালোচনা করা হলো। উভয় পক্ষের বিজ্ঞ এ্যাডভোকেটগনের যুক্তিতর্ক বিস্তারিত ভাবে শ্রবণ করা হলো।

দরখাস্তকারী হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ সংক্ষেপে এইচ, আর, পি, বি, একটি অলাভজনক প্রতিষ্ঠান যাহার উদ্দেশ্য বিপদগ্রস্ত জনগনকে আইনগত সহায়তা প্রদান করা মানুষের ভিতর সচেতনতা বৃদ্ধি করা, মানবাধিকার হতে বঞ্চিত জনগনকে সহায়তা করা, মানবাধিকার প্রতিষ্ঠা এবং সর্বোপরি পরিবেশ এবং জনগনের জনস্বাস্থ্য রক্ষায় এবং আইনের শাসন রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করা। বাংলাদেশে আইনের শাসন ও মানবাধিকার সমুন্নত রাখতে জনস্বার্থ মামলার (Public Interest litigation) গুরুত্ব অপরিসীম। জনস্বার্থ মামলার মাধ্যমে আইনের শাসন ও মানবাধিকার উন্নয়ন ও সংরক্ষনে হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ (এইচ আর পি বি) দীর্ঘদিন যাবৎ নিরলস কাজ করে আসছে। হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ (এইচ আর পি বি) নিপীড়িত বঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠাসহ পরিবেশগত ন্যায় বিচার নিশ্চিত করণের মতো অতি জনগুরুত্বপূর্ণ বিষয়ে জাগ্রত প্রহরীর ন্যায় সর্বত্র সর্বদা নিজেদের নিয়োজিত রয়েছে। বিশেষ করে যখনই বিচারের বানী নিভৃতে কাদেঁ তখনই ন্যায় বিচারের দাবী নিয়ে হিউম্যান রাইটস পির ফর বাংলাদেশ (এইচ আর পি বি) আদালতের দ্বারস্ত হয়ে এবং জনমানুষ তথা নিঃস্ব-নিপিড়ীত মানুষের পাশে দাড়িয়েছে। প্রশাসন বিচার বিভাগসহ সর্বস্তরে গতিশীলতা আনয়ন এবং স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করার মাধ্যমে একটি কল্যানকামী রাষ্ট্র প্রতিষ্ঠার মাধ্যমে সাম্য, স্বাধীনতা ও সুবিচারের নিশ্চয়তা বিধানের সাংবিধানিক অঙ্গীকার বাস্তবায়নে দৃঢ়তার সাথে হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশ (এইচ আর পি বি) কাজ করে আসছে।

The Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012)" এর অধ্যায় IVA-এর ৩ বিধি এর ৩ উপবিধি অনুসারে রীট বিষয়ের ক্ষেত্রে মোশনের জন্য প্রত্যেকটি দরখাস্ত/পিটিশন Deponent তথা সম্পাদনকারী---- কর্তৃক হলফনামায় শপথ গ্রহনের জন্য হলফনামা কমিশনারের নিকট পাঠানো উপস্থাপন করা হয়। "The Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012)" এর অধ্যায় IVA-এর বিধি অনুযায়ী সংবিধানের অনুচ্ছেদ ১০২ এর অধীনে দাখিলকৃত সকল দরখাস্ত হলফনামা দ্বারা সমর্থিত হতে হবে। "The Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012)" এর অধ্যায় XIA-এর ৫ বিধি অনুসারে প্রত্যেক দরখাস্ত/পিটিশনের হলফনামা দরখাস্তকারী নিজ অথবা সংক্ষুদ্ধ ব্যক্তিকে প্রতিনিধিত্ব করতে উপযুক্ত এমন ব্যক্তি কর্তৃক যাচাইকৃত হতে হবে।

"The Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012)" এর অধ্যায় IVA "Motion and Mention" শিরোনাম অধ্যায় IVA এর বিধি ২-এর উপবিধি ২ নিম্নরূপঃ

> "An application/petition not registered as a case shall ordinarily be presented before a Motion Bench for hearing for the purpose of issuance of a Rule or for its registration otherwise."

"The Supreme Court of Bangladesh (High Court) Rules, 1973 (as amended in 2012)" বিধি ১০ এর ৪ উপবিধি অনুসারে কোন ব্যক্তির স্বাক্ষরিত কোন চিঠি এবং প্রধান বিচারপতি বা অন্য কোন বিচারক বা আদালত বা রেজিস্ট্রারের নিকট প্রেরিত চিঠি বা সংবাদপত্র অথবা অন্য মিডিয়াতে প্রকাশিত কোন রিপোর্ট বাংলাদেশ সংবিধানের ১০২ অনুচ্ছেদের অর্থ অনুসারে একটি দরখাস্ত হিসাবে বিবেচনা করা যেতে পারে এবং হাইকোর্ট সেই চিঠি অথবা সংবাদপত্রের ভিত্তিতে রুল নিশি প্রেরণ করতে পারে। উক্ত বিধিমালার অধ্যায় XIA-এর বিধি ১০ এর উপবিধি ৪ অনুসারে রুল নিশির পরে এরূপ চিঠি/রিপোর্ট রীট দরখাস্ত (সুয়ে মোটো) হিসাবে নিবন্ধিত হবে। উক্ত বিধিমালার অধ্যায় XIA বিধি ১০ এর উপবিধি ৩ এবং অন্যান্য উপবিধি অনুসারে চিঠি বা সংবাদ রিপোর্টের মাধ্যমে মহামান্য হাইকোর্টে আনীত এরূপ দরখাস্তসমূহে হলফনামায় শপথ, কোর্ট ফি প্রদান এবং অন্যান্য নিয়মাবলী পালন করতে হয় না।

বন্ধুয়া মুক্তি মোর্চা বনাম ইউনিয়ন অব ইন্ডিয়া গং (এ আই আর ১৯৮৪ এস সি ৮০২) মামলার রায়ের উপর নির্ভর করেন। উক্ত মামলার রায়ে বিচারপতি ভগবতি বলিয়াছেন:

***"Where a member of the public acting bonafide moves the Court for enforcement of a fundamental right on behalf of a person or class of persons who on account of poverty or disability or socially or economically disadvantaged position cannot approach the Court for relief, such member of the public may move the Court even by just writing a letter, because it would not be right or fair to expect a person acting pro bono publico to incur expenses out of his own pocket for going to a lawyer and preparing a regular writ petition for being filed in Court for enforcement of the fundamental right of the poor and deprived sections of the community and in such a case, a letter addressed by him can legitimately be regarded as an "appropriate" proceeding."***

উক্ত মামলায় (প্যারা-৭৮) বিচারপতি অমেন্দ্রা নাথ সেন বিচারপতি ভগবতি সহিত সহ্যমত প্রকাশ করে বলেছেন যে,

**Where he said that for effectively safeguarding the fundamental rights guaranteed by the Constitution, the Court, if satisfied on the materials placed in the form of a letter or other communication addressed to this Court, may take notice of the same in appropriate cases. That Mr. Sen J**

**further continued to say that in exceptional circumstances and particularly in matter of general public interest, the Court may, taking into consideration the particular facts and circumstances of the case, proceed to exercise it jurisdiction under Article 32 of the Constitution for enforcement of fundamental rights treating the letter or the communication in any other form as an appropriate proceeding under Article 32 of the Constitution. That Mr. Sen J further continued that fundamental rights guaranteed under the Constitution are indeed too sacred to be ignored or trifled with merely on the ground of technicality or any rule of procedure. That he further said that a mere procedure technicality in the matter of form or procedure which may not in any way affect the substance of any proceeding should not stand in the way of the exercise of the very wide jurisdiction and powers conferred on this Court under Article 32 of the Constitution for Enforcement of fundamental rights guaranteed under the Constitution.**

এ্যাডভোকেট মোঃ সালাউদ্দিন দোলন বনাম বাংলাদেশ গং [৬৩ ডি এল আর (২০১১) হাইকোর্ট বিভাগ ৮১] মামলার রীট পিটিশনার একজন অ্যাডভোকেট হওয়ায় জনস্বার্থ মূলক দরখাস্ত হলফনামা গ্রহন ব্যতিরেকে গ্রহন করা হয়েছে।

দরখাস্তকারী সংগঠনটি দীর্ঘদিন যাবৎ বাংলাদেশের আইনের শাসন প্রতিষ্ঠায় কাজ করে আসছে। কোন প্রকার দেশী কিংবা বিদেশী অনুদান ব্যতিরেকে সংশ্লিষ্ট আইনজীবীদের নিজেদের তহবিল থেকে অর্থ সংগ্রহ করে দরখাস্তকারী সংঘটনটি পরিচালিত হচ্ছে। এমনতর নিঃস্বার্থ কর্মকান্ডকে সকল সময় আমাদের সুপ্রীম কোর্ট উৎসাহ এবং সমর্থন প্রদান করে আসছে। সুতরাং সার্বিক বিবেচনায় দরস্তকারী *"হিউম্যান রাইটর্স এন্ড পিস ফর বাংলাদেশ"*কে কোর্ট ফি এবং হলফনামা সম্পাদন ছাড়া মোশন দাখিল করার অনুমতি দেয়া একান্ত অপরিহার্য। অন্যথায় আইনের শাসন এবং জনগনের ন্যায্য বিচার প্রাপ্তিতে অপূরনীয় ক্ষতি সাধিত হবে।

এমতাবস্থায় অত্র দরখাস্তকারীকে কোর্ট ফি এবং হলফনামা ছাড়া জনস্বার্থে রীট পিটিশন অত্র বিভাগে মোশন আকারে উপস্থাপনের অনুমতি প্রদান করা গেল।

অতএব, আদেশ হয় যে, অত্র রুলটি উপরিল্লিখিত মতামত ও নির্দেশনার আলোকে নিস্পত্তি করা হলো।

---------------------